দৈনিক সংবাদ

২০০২
তারিখ ...
পৃষ্ঠা ৭ কলাম ৬

# ছাত্রলীগের বিক্ষোভ মিছিল, সমাবেশ

মিরপুর কলেজ শাখা ছাত্রলীগ সভাপতি
মো. তৌফিক আলম খান পিয়ালের বিরুদ্ধে
মিথ্যা ষড়যন্ত্রমূলক মামলা প্রত্যাহারের
দাবিতে ছাত্রলীগ ঢাকা মহানগর (উত্তর)
নগরীতে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ
সমাবেশ করেছে। কেন্দ্রীয় কার্যালয়ের
সামনে আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন
সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি মারুফ
আক্তার পপি, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক
সাইফুজ্জামান শিখর, যুগ্ম-সম্পাদক
আজহার আনাম, মহানগর (উত্তর) সভাপতি
সাইফুল্লাহ, সাধারণ সম্পাদক ইসহাক মিয়া
প্রমুখ।

ছাত্রলীগ ভারপ্রাপ্ত সভাপতি মারুফা
আক্তার পপি ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক
সাইফুজ্জামান শিখর এক যুক্ত বিবৃতিতে
সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদককে
মিথ্যা মামলা প্রত্যাহার করে মুক্তির দাবি
জানিয়ে বলেছেন, শিগগিরই নেতৃদ্বয়কে
মুক্তি দেয়া না হলে কঠোর কর্মসূচি ঘোষণা
করে তাদের মুক্তির ব্যাপারে সরকারকে
বাধ্য করা হবে।

**ছাত্রলীগের নিন্দা** ঃ ভাণ্ডারিয়ার
আওয়ামী লীগ নেতা ও দপদপিয়া
ইউনিয়নের সাবেক চেয়ারম্যান বজলুর
রহমান হাওলাদারের উপর সরকারদলীয়
সন্ত্রাসীদের বর্বরোচিত হামলায় ছাত্রলীগ
নেতৃবৃন্দ তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ